

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইফ্রাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
বাজেট শাখা
www.probashi.gov.bd


নং-৪৯.০০.০০০০.০৪৪.২৯.০২৩.১৮.১৯২

তারিখঃ ২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের সভার কার্যবিবরণী।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (ত্রি) পাতা।


(মোহাম্মদ শাহীন)
উপসচিব (কর্মসংস্থান-২)

ফোন: ০২-৪১০৩০২৫২

ইমেইল: sasbudget@probashi.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. যুগ্মসচিব/উপসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০২. যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৩. যুগ্মসচিব/উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৪. উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৫. উপপ্রধান (পরিকল্পনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি-কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।
০২. অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, কক্ষ নম্বরঃ ১০০১, সরকারি পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা।
০৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪. মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৯. সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও সমন্বয় শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশ করা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ)।
১১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
বাজেট শাখা
www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন : জনাব মোঃ আমিনুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০১৮
সময় : দুপুর ০২:৩০ টায়
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

০৩। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবনী কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে সভাপতি আলোকপাত করেন। তিনি বলেন যে, এ মন্ত্রণালয়ের ন্যায় দপ্তর/সংস্থাসমূহও প্রতি মাসে নিয়মিত তাদের ইনোভেশন টিমের সভা করবে এবং কর্মপরিকল্পনা ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করবে। সভাপতির অনুরোধক্রমে ইনোভেশন টিমের সদস্য, উপসচিব (কর্মসংস্থান-২) ২০১৮-১৯ অর্থ বছরের জন্য প্রস্তুতকৃত এ মন্ত্রণালয়ের ইনোভেশন পরিকল্পনা, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ এবং বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-১৯ বিস্তারিতভাবে উপস্থাপন করেন। মন্ত্রিপরিষদ বিভাগ হতে সম্প্রতি প্রস্তুতকৃত উক্ত মূল্যায়ন কাঠামো এবং বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা এর আলোকে গৃহীত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করা এবং আত্মমূল্যায়ন বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য সভায় উপস্থিত কর্মকর্তাগণকে বিশেষভাবে অনুরোধ করা হয়।


০৪. সভায় বিস্তারিত আলোচনার পর নিয়োক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয়	সভার আলোচনা ও সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	উদ্ভাবন পরিকল্পনা মূল্যায়ন কাঠামো ২০১৮-১৯	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও ছক অনুসারে উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন কাঠামো ২০১৮-১৯ এর সমঝাবদ্ধ কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত সময় অন্তর মূল্যায়ন করতে হবে।	<ul style="list-style-type: none"> ● জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ● ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড ● বোয়েসেল ● প্রবাসী কল্যাণ ব্যাংক ● প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৪.২	সকল টিটিসি-তে অনলাইন ভর্তি ব্যবস্থা চালুকরণ	যশোর টিটিসি কর্তৃক উদ্ভাবিত ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেম এর ন্যায় আরও ১০ টি টিটিসি-তে ভর্তি কার্যক্রম চালু করা হলে প্রশিক্ষণার্থীদের সেবা প্রাপ্তি সহজ হবে এবং সময়, অর্থ ও ভিজিট ট্রাস পাবে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। কার্যক্রমটি চলমান রয়েছে বলে বিএমইট প্রতিনিধি সভাকে অবহিত করেন। পর্যায়ক্রমে সকল টিটিসি-তে অনুরূপ অনলাইন ভর্তি ব্যবস্থা চালু করার জন্য বিএমইট-কে অনুরোধ করা হয়।	জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৪.৩	বিদেশ গমনোচ্ছ কর্মীদের	বিদেশ গমনোচ্ছ কর্মীদের সেবা মন্ত্রণালয়ের	

	সেবা সহজীকরণ কার্যক্রমের ধারাবাহিকতায় আরও ৬টি ডিইএমও-তে ফিঞ্জার প্রিন্ট কার্যক্রম চালুকরণের মাধ্যমে সর্বমোট ৪২ টি ডিইএমও-তে এ কার্যক্রম উন্নীতকরণ	জেলা পর্যায়ে ৩৬ টি ডিইএমও-তে ফিঞ্জার প্রিন্ট কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে ঝিনাইদহ, বরগুনা, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, পঞ্চগড় ও খাগড়াছড়ি জেলায় এ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এর মাধ্যমে বিএমইটি'র অধীন ৪২ টি ডিইএমও-তে এ কার্যক্রম সম্প্রসারণ হবে বলে সভায় বিএমইটি কর্মকর্তা জানান। কার্যক্রমটির সুষ্ঠু বাস্তবায়ন এবং জেলা পর্যায়ে মনিটরিং ব্যবস্থা গ্রহণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৪.৪	বিদেশে মৃত কর্মীর বকেয়া বেতন/ক্ষতিপূরণ/ ইনস্যুরেন্স ইত্যাদি পাওনাদি আদায়ের জন্য প্রদত্ত পাওয়ার অব এটর্নি সহজীকরণে উদ্যোগ গ্রহণ	পাওয়ার অব এটর্নি প্রস্তুতের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের সংশ্লিষ্টতা কমে যাবে। এতে ভিজিট ও খরচ হ্রাস পাবে এবং সেবা গ্রহীতা বিভিন্ন হয়রানি হতে রক্ষা পাবে। সভায় এ উদ্যোগটির প্রশংসা করা হয় এবং তা বাস্তবায়নে একটি সহায়তা ইউনিট গঠনের জন্য অনুরোধ করা হয়।	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
৪.৫	বোয়েসেল এর মাধ্যমে বিদেশ গমনেচ্ছু প্রার্থীদের অনলাইন ডাটা বেইজ প্রস্তুত	প্রতি বছর বিভিন্ন দেশের নিয়োগকর্তা বোয়েসেল এর মাধ্যমে বিভিন্ন সেক্টরে কর্মীর চাহিদা প্রেরণ করে থাকে। উদাহরণস্বরূপ, ইলেক্ট্রিশিয়ান, মেশন, ওয়েল্ডার, কার্পেন্টার, নার্স, ডাক্তার, ইঞ্জিনিয়ার, গার্মেন্টস ওয়ারকার, কম্প্রাকশন কর্মী, বাবুচি, কৃষি পেশায় নিয়োজিত কর্মী ও বিভিন্ন দেশের ভাষা জানা দক্ষ কর্মী প্রভৃতি। নিয়োগকর্তার চাহিদা অনুযায়ী সঠিক ও স্বল্প সময়ে উক্ত কর্মীর যোগান দেয়া সম্ভব হয় না বিধায় বিদেশ গমনেচ্ছু প্রার্থীদের ট্রেডভিত্তিক ডাটা বেইজ প্রস্তুত থাকলে নিয়োগকর্তার চাহিদা অনুযায়ী সঠিক ও স্বল্প সময়ে পর্যাপ্ত কর্মীর যোগান দেওয়া সম্ভব হবে। ডাটা বেইজ প্রস্তুতের বিষয়ে বিএমইটি'র সাথে সমন্বয় করার জন্য বোয়েসেল-কে অনুরোধ করা হয়।	<ul style="list-style-type: none"> বোয়েসেল জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৪.৬	নিজ অফিসের প্রদেয় সেবা/ অভ্যন্তরীণ সেবা সহজীকরণ	অভিবাসন প্রত্যাশী বিদেশগামী কর্মীদের ব্যাংকের সেবা সম্পর্কিত তথ্য উপস্থাপনসহ বিভিন্ন সেবা প্রদানের লক্ষ্যে একটি মোবাইল অ্যাপস তৈরী করা হবে। সভায় উপস্থিত ব্যাংকের কর্মকর্তা জানান যে, অ্যাপস তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে এর একটি ডেমো উপস্থাপন করা হয়েছে এবং তথ্য সংগ্রহের কাজ শেষ পর্যায়ে আছে। উক্ত অ্যাপসটি-তে বিএমইটি ও এটুআই এর সাথে লিংক করা যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। কার্যক্রমটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং এর ফলপ্রসূ ব্যবহারের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়।	প্রবাসী কল্যাণ ব্যাংক

8.৭	লাইব্রেরি ব্যবস্থাপনা ডিজিটাইজেশন	<ul style="list-style-type: none">• ডিজিটাল পদ্ধতিতে সূষ্ঠু ব্যবস্থাপনা সম্ভব হবে;• মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা এবং আগ্রহী অন্যান্যরাও এ সুবিধা ভোগ করতে পারবেন;• অনলাইনে বইয়ের প্রাপ্যতা (availability) এবং এর সঠিক হিসাব জানা যাবে;• উন্নততর সুবিধা ও আধুনিক পরিবেশে পাঠকবৃন্দ আরও আকৃষ্ট হবেন। <p>কার্যক্রমটি সূষ্ঠুভাবে বাস্তবায়ন এবং এর ফলপ্রসূ ব্যবহারের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।</p>	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
8.৮	বিবিধ	<ul style="list-style-type: none">• Diaspora Enrollment সংক্রান্ত ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড-এর চলমান কার্যক্রমকে আরও ফলপ্রসূ ও সম্প্রসারণ করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের মিশন উইংয়ের সহায়তায় দূতাবাসসমূহের সাথে সমন্বয় বৃদ্ধি করা যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।• মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ইনোভেশন টিমের সদস্য এবং এ কার্যক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করার বিষয়ে সভায় আলোচনা হয়।	<ul style="list-style-type: none">• ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড• প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম

চেয়ারপার্সন ও চিফ ইনোভেশন অফিসার

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়